# সরকারি তোলারাম কলেজ
## নারায়ণগঞ্জ
## বিজ্ঞপ্তি

তারিখ: ১৯/০৫/২০২৬ খ্রি.

**বিষয়: ২০২৪ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণ।**

এতদ্বারা ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্টদের জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার ফরম পূরণ ১৯/০৫/২০২৬ হতে ১২/০৬/২০২৬ তারিখ পর্যন্ত ফরমপূরণ চলবে।

### ফরম পূরণ প্রক্রিয়া ঃ

শিক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://ems.nu.ac.bd/student-login) এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন করে ফরম ডাউনলোড ও প্রিন্ট করে পরবর্তীতে নির্ধারিত টাকা অনলাইন মোবাইল ব্যাংকিং "বিকাশ/রকেট/উপায়"-এর মাধ্যমে জমা দিয়ে অনলাইন পেমেন্ট রশিদসহ আবেদন ফরম ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র (এক সেট) কলেজের মূল ভবনের পিছনের কাউন্টারে অবশ্যই জমা দিতে হবে।

বিঃ দ্রঃ ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন সুযোগ নাই।

- আবেদন ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার সময় - সময় সকাল ১০:০০ টা হতে দুপুর- ১:৩০ মি: পর্যন্ত।
- ফরম পূরণ কমিটি বসবে: কলা ভবন চত্বর।

### পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলীঃ

**ক) ডিগ্রী (পাস) কোর্স ৩য় বর্ষ পরীক্ষা নিয়মিত ঃ**

i) ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০২২ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২৩ সালের ডিগ্রী(পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) অথবা Conditionsl Promoted (শর্তসাপেক্ষে উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষে "ইংরেজী" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ৩য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

iv) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**খ) ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত) ঃ**

i) ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iv) ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম D গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

**গ) ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মান উন্নয়ন) ঃ**

i) ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর ৩য় বর্ষের সর্বোচ্চ দু'টি (C+ , C এবং D গ্রেড প্রাপ্ত) কোর্সে মানউন্নয়ন পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মান উন্নয়নের সুযোগ নাই।

**সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (২০০ নম্বর) ঃ**

ক) ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

চলমান পৃষ্ঠা নম্বর # ০২

## ২০২৪ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার নির্ধারিত ফিসের বিবরণঃ

| ক্র.নং. | বিষয়/কোর্স | পরীক্ষা, কেন্দ্র ও অন্যান্য ফি |
|---|---|---|
| ১. | ডিগ্রি পাস-৩য় বর্ষ (৭০০ নম্বর)-নিয়মিত ও অনিয়মিত (ইতোপূর্বে পরীক্ষা দেয়নি) বিএ/বিএসএস/বিবিএস | ২,৭০০/- |
| | ডিগ্রি পাস-৩য় বর্ষ (৭০০ নম্বর)-নিয়মিত ও অনিয়মিত (ইতোপূর্বে পরীক্ষা দেয়নি) বিএসসি | ৪,১৬৫/- |
| ২. | ডিগ্রি পাস ৩য় বর্ষ-প্রাইভেট | ৩,০০০/- |
| ৩. | ডিগ্রি পাস ৩য় বর্ষ (২০০ নম্বর) সার্টিফিকেট কোর্স | ১,৭৫০/- |
| ৪. | মান উন্নয়ন / গ্রেড উন্নয়ন (এক পত্র) | ১,২৫০/- |
| ৫. | Conditional Promoted (C-Promoted) পরীক্ষার্থীদের ফি (এক পত্র) | ২,১৫০/- |

বি: দ্রঃ ৪ ও ৫ নং অনুচ্ছেদের জন্য প্রযোজ্যঃ একের অধিকপত্র হলে প্রতি পত্রের জন্য ১৫০/- টাকা হারে যোগ করতে হবে।

বি: দ্রঃ

** নিয়মিত শিক্ষার্থীদের মধ্যে যারা ইতোপূর্বে ডিগ্রি (পাস) ৩য় বর্ষের বেতন ও সেশন চার্জ বাবদ বিএ/বিএসএস/বিবিএস শাখার জন্য ২,৮৬৬/- টাকা এবং বিএসসি শাখার জন্য ২,৯৬৬/- টাকা দেয়নি তাদের ফরমপূরণ এর সাথে বেতন ও সেশন চার্জ দিতে হবে।

** অনিয়মিত শিক্ষার্থীদের মধ্যে ইতোপূর্বে পরীক্ষা দেয়নি কিংবা নট প্রমোটেড তাদের বেতন ও সেশন চার্জ বাবদ বিএ/বিএসএস/বিবিএস শাখার জন্য ২,৮৬৬/- টাকা এবং বিএসসি শাখার জন্য ২,৯৬৬/- টাকা দিতে হবে।

** Conditional Promoted (C-Promoted) পরীক্ষার্থীদের একপত্রে লাগবে ২,১৫০/- টাকা এবং এক এর অধিক পত্র হলে প্রতি পত্রের জন্য ১৫০/- টাকা হারে যোগ করতে হবে।

### ফরমপূরণ এর ফি প্রদান প্রক্রিয়া ঃ

ফরমপূরণ এর নির্ধারিত ফি ডিজিটাল লেনদেন **"বিকাশ/রকেট/উপায়"** এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

bKASH > EDUCATION FEE > GOVT. TOLARAM COLLEGE > STUDENT ID(Regi: No) > TK > PAID

Or

ROCKET > BILL PAY > GOVT. TOLARAM COLLEGE > STUDENT ID(Regi: No) > TK > PAID

Or

UPAY > EDUCATION > GOVT. TOLARAM COLLEGE > STUDENT ID(Regi: No) > TK > PAID

### আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে ঃ

(ক) শিক্ষার্থীর আবেদন ফরম, রেজিস্ট্রেশন কার্ড এর ফটো:কপি এবং অনলাইনে ফি প্রদানের মানি রিসিট ফরম এর সাথে অবশ্যই যুক্ত করতে হবে।

(খ) আবেদন ফরম পূরণের সময় সম্ভাব্য শিক্ষার্থী তালিকায় প্রদত্ত বিষয় কোড ব্যবহার করতে হবে।

(গ) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা সংযোজন দিতে হবে।

**বি: দ্রঃ ফরমপূরণ সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র অবশ্যই কলেজের সাধারণ শাখায় জমা দিতে হবে। উক্ত কাগজপত্র জমা না দিলে ফরমপূরণ সংক্রান্ত কোনো জটিলতা দেখা দিলে অথবা ফরমপূরণ বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

19.05.26

(প্রফেসর মো. শহীদুল ইসলাম)
অধ্যক্ষ
সরকারি তোলারাম কলেজ
নারায়ণগঞ্জ